গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সুরক্ষা সেবা বিভাগ

পরি-১ শাখা

**"ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ শীর্ষক প্রকল্পের ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) এর সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | নাসিমুল গনি<br>সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | ২৫/০৬/২০২৫ |
| সভার সময় | বেলা ১২.৩০ ঘটিকা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২০৮, ভবন-০৮, ৩য় তলা) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে অনুরোধ করেন।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, ২০/০৩/২০২৫ তারিখে পিএসসি সভার কার্যবিবরণী ২৪/০৩/২০২৫ তারিখে সংশ্লিষ্ট সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন পরিবর্তন/পরিমার্জন/সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হলো।

৩। তিনি প্রকল্প পরিচালককে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। প্রকল্প পরিচালক সভায় জানান, "ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ শীর্ষক প্রকল্পটি জুলাই ২০২২ হতে জুন ২০২৫ মেয়াদে ১৬২.৩৪১৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পে মে ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৫৯.১৯ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৬.৪৬% এবং ভৌত অগ্রগতি ৪০%। ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৪৬.০০ কোটি টাকা সংশোধিত এডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে অবমুক্ত করা হয়েছে ৩৪.৩৪ কোটি টাকা, যা বরাদ্দের ৭৪.৬৫%। প্রকল্পটির অনুকূলে মে ২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৩.৭৭ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৭৩.৩৯%।

৪। প্রকল্প পরিচালক আরো জানান, প্রধান পূর্ত কাজ (পূর্ত-২)- ড্রাগ ডি-অ্যাডিকশন ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (১টি বেইজমেন্টসহ ১৩ তলা ভবন) নির্মাণ কাজের ১৩ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ভবন নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ৮২%। ওয়ালের গাঁথুনির কাজ শেষ হয়েছে। ওয়াল প্লাস্টারের অগ্রগতি ৫০% এবং চৌকাঠের কাজের অগ্রগতি ৭০%। মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) (পূর্ত-১) নির্মাণকাজ চলছে। ইতোমধ্যে ৬ষ্ঠ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং ব্রিক ওয়ালের কাজ শেষ পর্যায়ে। বাস্তব অগ্রগতি ৩৩%।

৫। পণ্য-১১ (জেনারেটর), পণ্য-১২ (সাবস্টেশন), পূর্ত-৮ (ফোর্সড ভন্টিলেশন সিস্টেম এবং এইচভিএসি (HVAC) সিস্টেম), পূর্ত-৯ (অগ্নি নির্বাপন ব্যবস্থা) এবং পূর্ত-১০ (সাবমারসিবল পাম্প মোটর সেট, লাইটিং প্রোটেকশন ডিভাইস, সি সি টিভি ব্যবস্থা, পি এ বি এক্স/ ইন্টারকম সিস্টেম, পি এ এবং কনফারেন্স সিস্টেম, সিকিউরিটি এবং ফেইসড লাইট, স্টেইজ লাইট এবং সাউন্ড সিস্টেম, টেলিফোন এবং ডিশ লাইন ওয়ারিং) এর কার্যাদেশ প্রদান করা হয়েছে। পণ্য-১৩ (লিফট) ক্রয়ের ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের পূর্বানুমতি গ্রহণপূর্বক দরপত্র আহ্বান করা হয়েছে। ২৮/০৫/২০২৫ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়েছে । দরপত্র মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে।

সুরক্ষা সেবা বিভাগের উপসচিব (পরিকল্পনা-১) জানান, প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনের নিমিত্ত ০৪/০৬/২০২৫ তারিখে ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের গুরুত্বারোপ করেন।

গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভায় জানান, বর্তমানে নির্মাণ কাজের গতি অব্যাহত থাকলে জুন ২০২৬ তারিখের মধ্যে নির্মাণকাজ সম্পন্ন করা সম্ভব হবে। সভায় বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জানতে চাওয়া হলে তিনি আরো জানান, স্টিল গার্বেজ চুট এর মাধ্যমে বর্জ্য বিভিন্ন ফ্লোর হতে নিচে সংগ্রহ করা হবে।

৬। সভায় স্টিল গার্বেজ চুটের সমস্যাগুলো উত্থাপনপূর্বক স্টিল গার্বেজ চুট এর পরিবর্তে বিকল্প চিন্তা করার জন্য পরামর্শ প্রদান করা হয়। এক্ষেত্রে মেডিকেল বর্জ্য নিষ্কাষণ ব্যবস্থা অন্যান্য হাসপাতালে কি ধরনের রয়েছে তা সরেজমিনে পর্যবেক্ষণ করার জন্য গণপূর্ত অধিদপ্তর ও প্রকল্প পরিচালককে অনুরোধ বলা হয়। এ বিষয়ে বর্জ্য ব্যবস্থাপনায় আউটসোর্সিং ও করা যেতে পারে মর্মে পরামর্শ প্রদান করা হয়। সভায় আরো জানানো হয়, বর্জ্য সংগ্রহের জন্য নেগেটিভ প্রেসার সম্বলিত Air Tied দরজাসহ কক্ষের ব্যবস্থা করা যেতে পারে।

সভায় বিভিন্ন ফ্লোরে বৈদুতিক আউটলেটগুলো কোথায় হবে এ বিষয়ে প্রকল্প পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক এবং গণপূর্ত অধিদপ্তরের ইলেকট্রিক্যাল উইং একত্র বসে সিদ্ধান্ত গ্রহণ করবেন। এক্ষেত্রে সিনিয়র ডাক্তারের পরামর্শ গ্রহণ করা যেতে পারে। গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভায় জানান, ৬মাস পরপর একত্র বসে ভেন্ডারের সঙ্গে সমন্বয় করতে হবে।

৭। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বলেন, টিমে গণপূর্ত অধিদপ্তরের ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারদের অন্তর্ভুক্ত করে বৈদুতিক আউটলেট ও পোর্টেবল অক্সিজেন সিলিন্ডার চ্যানেলসহ অন্যান্য কার্যক্রম সূচারুভাবে সম্পন্ন করার গুরুত্বারোপ করেন। সভায় অক্সিজেন সরবরাহ চ্যানেলের জন্য চুক্তি সম্পন্ন করতে হবে মর্মে মতামত ব্যক্ত করা হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান, ভবনের ফায়ার সেফটি প্লান করা হয়েছে কি না। এর প্রত্যুত্তরে গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বধায়ক প্রকৌশলী জানান, ফায়ারের সেফটি প্লান প্রস্তুত করা হয়েছে। পরবর্তীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে ভেটিং করে নেওয়া হবে। এছাড়াও সভায় হাসপাতালের ওয়ার্ডের লাইটগুলো এঙ্গেল করে দেওয়া প্রয়োজন। যাতে রোগীদের চোখে সরাসরি লাইট না পড়ে। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। মহাপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ সভায় জানান, সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও প্রকল্পের তথ্যাদি e-Pmis সফটওয়্যরে দ্রুত এন্ট্রি প্রদান করার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ) জানান, সংশোধিত ডিপিপি অনুমোদনে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের মতামতের প্রয়োজন রয়েছে।

**৮। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

(৮.১) প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের নিমিত্ত ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;
(৮.২) হাসপাতাল ভবনের মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনায় স্টিল গার্বেজ চুটের পরিবর্তে বিকল্প ব্যবস্থার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;
(৮.৩) প্রকল্পের তথ্যাদি e-Pmis সফটওয়্যারে এন্ট্রি প্রদানে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;
(৮.৪) আগামী ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Work Plan) ১৫ জুলাই ২০২৫ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(৮.৫) ভবনের বৈদ্যুতিক আউটলেট ও পোর্টেবল অক্সিজেন সিলিন্ডারের চ্যানেলসমূহ সূচারুভাবে সম্পন্ন করতে হবে।

৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসিমুল গনি
সিনিয়র সচিব

স্মারক নম্বরঃ ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০১.২৩-৫৭ তারিখ: ৩০/০৮/২০২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন;

২) সচিব, অর্থ বিভাগ;

৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন;

৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন;

৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;

৬) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন;

৭) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;

৮) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ;

৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ;

১০) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর;

১১) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর;

১২) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ;

১৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর;

১১) প্রকল্প পরিচালক, ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;

১২) সিনিয়র সচিব এর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

১৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩০/০৮/২০২৫

(মোঃ শহীদ আতাহার হোসেন)
উপসচিব